বর্তমান সরকারের উন্নয়ন নিয়ে কুষ্টিয়ায় গনসংযোগ ডা: আমিনুল হক রতনের

বর্তমান সরকারের উন্নয়ন এবং মুক্তিযুদ্ধের চেতনার ধারাবাহিকতা রক্ষার জন্য কুষ্টিয়া সদর উপজেলার বিভিন্ন এলাকায় গনসংযোগ ও মতবিনিময় করেছেন কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও বিএমএ কুষ্টিয়ার শাখার সাধারণ সম্পাদক ডা. এ এফ এম আমিনুল হক রতন।

আজ কুষ্টিয়া সদর উপজেলার হরিনারায়ণপুর ইউনিয়নের হরিনারায়নপুর, লক্ষিপুর বাজার ও জেলেপাড়া মোড়, হাসানবাগ বাজার, রাজাপুর, পিয়ারপুর বাজার, সিরাজমোড়, মধুপুর বাজার সুগ্রীবপুরসহ বিভিন্ন এলাকায় বর্তমান সরকারের নানান উন্নয়নচিত্র তুলে ধরেন এবং সুধীজনদের সাথে নৌকার পক্ষে জনসংযোগ ও মতবিনিময় করেন। এসময় কয়েকশ মোটরসাইকেল নিয়ে বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করা হয় এবং সরকারের উন্নয়ন সম্বলিত লিফলেট বিতরণ করা হয়।

মতবিনিময়কালে ডা. এ এফ এম আমিনুল হক রতন বলেন, বর্তমান সরকারের আমলে উন্নয়নমূলক অনেক কাজ ত্বরান্বিত হয়েছে। আগামী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ হবে মধ্যম আয়ের পর্যায় পেরিয়ে এক শান্তিপূর্ণ, সমৃদ্ধ, সুখী এবং উন্নত জনপদ। সুশাসন, জনগণের সক্ষমতা ও ক্ষমতায়ন হবে এই অগ্রযাত্রার মূলমন্ত্র।

তিনি আরও বলেন, মুক্তিযুদ্ধের চেতনাকে হৃদয়ে ধারণ করে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নৌকার সাথে থাকতে হবে, শেখ হাসিনার সরকারকে ক্ষমতায় আনতে হবে। জঙ্গিবাদ উগ্র মৌলবাদ ও অশুভ শক্তিকে পরাজিত করে একটি সুশীল ও মানবতা সম্বলিত জাতি গড়তে হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকারের উন্নয়ন কর্মকাণ্ড ও জনসেবার বার্তা জনগনের দোড়গোড়ায় পৌছে দিতে বাড়ি বাড়ি গিয়ে গনসংযোগ চালিয়ে যাচ্ছেন ডা: আমিনুল হক রতন।

এসময় উপস্থিত ছিলেন হরিনিারায়নপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মহিউদ্দিন, সাধারণ সম্পাদক ফারুখ হোসেন, ৭ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আব্দুর রউফ, ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মন্টু মেম্বার, সাধারন সম্পাদক আব্দুল মজিদ, ৯ নং ওয়ার্ড